**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ২২ ফেব্রুয়ারি ২০১৬, ১০ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মাতৃভাষা ইনস্টিটিউটকে বিশ্বের মাতৃভাষা চর্চার পাদপিঠ হিসেবে গড়ে তোলা হবে : প্রধানমন্ত্রী
২। সারা দেশে অমর একুশে উদ্‌যাপিত : অপশক্তির কাছে মাথানত না করার শপথ
৩। বৃক্ষমানব আবুলের চিকিৎসা চ্যালেঞ্জ হিসেবে নিয়েছেন চিকিৎসকরা : স্বাস্থ্যমন্ত্রী
৪। সব রায় বাংলায় দেওয়া কষ্টকর : আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে প্রধান বিচারপতি
৫। বিলুপ্ত ছিটমহলে প্রথম মাতৃভাষা দিবস পালন
৬। পঞ্চগড়ে মঠের অধ্যক্ষকে গলা কেটে হত্যা
৭। হজের প্রাক নিবন্ধন শুরু আগামীকাল
৮। বাংলাদেশিদের জন্য ওমরাহ ভিসা পুনরায় চালু
৯। আসন্ন ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে অংশ নিচ্ছে ২১টি রাজনৈতিক দল : আজ মনোনয়নপত্র জমার শেষ দিন
১০। সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় চার বাংলাদেশি নিহত

চলমান পাতা-২

**১।	মাতৃভাষা ইনস্টিটিউটকে বিশ্বের মাতৃভাষা চর্চার পাদপিঠ হিসেবে গড়ে তোলা হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভাষার বিকৃতি রোধে সাবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেছেন, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটকে বিশ্বমানের করে গড়ে তুলতে সম্ভাব্য সব ধনের উদ্যোগ গ্রহণ করা হবে। তিনি আশা প্রকাশ করেন, এই প্রতিষ্ঠানটি হবে সারাবিশ্বের মাতৃভাষা চর্চার, মাতৃভাষা গবেষণা করার পাদপিঠ। প্রধানমন্ত্রী বলেন ভাষার বিকৃতি যেন না হয় সেজন্য সবাইকে সচেতন থাকার অনুরোধ জানাচ্ছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল **২১** ফেব্রুয়ারি রোববার 'ভাষা শহিদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে তিন দিনব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** ( পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**২।	সারাদেশে অমর একুশে উদ্‌যাপিত : অপশক্তির কাছে মাথানত না করার শপথ**

বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন এবং হৃদয় নিংড়ানো ভালোবাসায় মৃত্যুঞ্জয়ী ভাষা শহিদদের স্মরণের মধ্য দিয়ে উদ্‌যাপিত হল মহান শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। গত ২০ ফেব্রুয়ারি শনিবার রাত **১২**টা **১**মিনিটে জাতির পক্ষ থেকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাহান্নর মহান ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ করে দিবসের আনুষ্ঠানিক সূচনা করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক, জনকণ্ঠ, সংবাদ, ইনকিলাব. ভোরের কাগজ, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।	বৃক্ষমানব আবুলের চিকিৎসা চ্যালেঞ্জ হিসেবে নিয়েছেন চিকিৎসকরা : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বৃক্ষমানব আবুল বাজনদারের চিকিৎসার বিষয়টি চিকিৎসকরা চ্যালেঞ্জ হিসেবে নিয়েছেন। এই রোগের চিকিৎসায় পুরোপুরি সফল হলে বাংলাদেশের চিকিৎসা বিশ্বে অনন্য স্থান দখল করবে। চিকিৎসার সফলতায় আমরা আশাবাদী। গত ২০ ফেব্রুয়ারি শনিবার আবুল বাজনদারের ডান হাতের সফল অস্ত্রোপ্রাচার হয়েছে। তিনি এখন সুস্থ রয়েছেন। গতকাল **২১** ফেব্রুয়ারি রোববার ঢাকা মেডিকেল কলেজ হাসাপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিটে চিকিৎসাধীন বৃক্ষমানব আবুল বাজনদারকে দেখতে গিয়ে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** ( পৃ.১৯,ক.১), **সমকাল** ( পৃ.৪,ক.১)।

**৪।	সব রায় বাংলায় দেওয়া কষ্টকর : আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে প্রধান বিচারপতি**

উচ্চ আদালতে বাংলা ভাষার রায় দেওয়ার বিষয়ে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, একজন বিচারককে অনেক সময় দিনে একশ মামলার রায় ও আদেশ দিতে হয়। সবগুলো যদি আমরা বাংলাতে দিতে বলি, তাহলে সেটা কষ্টকর হয়ে যাবে। এর মধ্যেই অনেক বিচারক বাংলায় বেশ কিছু রায় দিয়েছেন বলে জানান তিনি। গতকাল **২১** ফেব্রুয়ারি রোববার কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদনের পর সাংবাদিকদের প্রশ্নের

জবাবে প্রধান বিচারপতি এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬) **অবজারভার** (পৃ.১ক.৪)।

**৫। বিলুপ্ত ছিটমহলে প্রথম মাতৃভাষা দিবস পালন**

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলায় বিলুপ্ত ছিটমহলে প্রথম প্রতিকি শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণের মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন হয়েছে। দীর্ঘ ৬৮ বছর ছিটমহলের বন্দি জীবন থেকে মুক্ত হওয়ার পর গতকাল ২১ ফেব্রুয়ারি রোববার শহিদ দিবসে 'বিলুপ্ত ছিটমহল উন্নয়ন পরিষদ' ভাষা শহিদদের শ্রদ্ধাভরে স্মরণ করে। নগরে কলা গাছ দিয়ে নির্মিত প্রতিক শহিদ মিনারে সূর্যোদয়ের প্রথম প্রহরে গ্রামের শত শত নারী, পুরুষ ও শিশু বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১) **সংবাদ** (পৃ.১ক.৭)।

**৬। পঞ্চগড়ে মঠের অধ্যক্ষকে গলা কেটে হত্যা**

পঞ্চগড়ের দেবীগঞ্জের একটি মঠে গিয়ে যজ্ঞেশ্বর রায় (৫০) নামে ওই মঠের অধ্যক্ষকে গলাকেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। হত্যার কারণ তাৎক্ষণিকভাবে জানা না গেলেও হামলার ধরণ অনেকটাই গত বছরের বিদেশি এবং যাজকদের ওপর আক্রমণের মতো বলে প্রত্যক্ষদর্শীর বর্ণনায় উঠে এসেছে। দুর্বৃত্তদের ছোঁড়া গুলি ও ককটেল বিস্ফোরণে আহত হয়েছেন আরও দুইজন। গতকাল ২১ ফেব্রুয়ারি রোববার দেবীগঞ্জ উপজেলায় শ্রী শ্রী সন্তগৌড়ীয় মঠে এ ঘটনা ঘটে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.১) **অবজারভার** (পৃ.১ক.৪), **ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সান** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। হজের প্রাক নিবন্ধন শুরু আগামীকাল**

হজের প্রাক-নিবন্ধন কার্যক্রম শুরু হচ্ছে আগামীকাল ২৩ ফেব্রুয়ারি মঙ্গলবার 'সংশোধিত 'জাতীয় হজনীতি-২০১৬' অনুযায়ী প্রথবারের মতো হজে গমনেচ্ছুকদের নির্ধারিত সময়ের মধ্যে প্রাক-নিবন্ধন করতে হবে। এরপর নিবন্ধন সম্পন্ন হবে। মেশিন রিডেবল পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র দিয়ে ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্র, হজ এজেন্সির অফিস, ইসলামিক ফাউণ্ডেশনের অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ে ও হজ অফিস থেকে অনলাইনে নিবন্ধন করা যাবে। সূত্র-**সমকাল (পৃ** ২,ক.৫)।

**৮। বাংলাদেশিদের জন্য ওমরাহ ভিসা পুনরায় চালু**

প্রায় এক বছর পর বাংলাদেশিদের জন্য পুনরায় ওমরাহ ভিসার দুয়ার খুলছে। গত ২০ ফেব্রুয়ারি শনিবার থেকেই শুরু হয়েছে ওমরাহ ভিসার বাংলাদেশিদের সৌদি আরব গমন। একদল ওমরাহ হজযাত্রী নিয়ে সৌদি অ্যারাবিয়ান এয়ারলাইনসের একটি নিয়মিত ফ্লাইট ওই দিন ঢাকা ছাড়ে। এবছর এ ভিসার আওতায় ৫৫ হাজার বাংলাদেশি সৌদি আরবে যাবেন বলে জানা গেছে। সূত্র- **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** **(পৃ.১**,ক.১), **সমকাল (শেষ পৃ**,ক.১)।

## ৯। আসন্ন ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে অংশ নিচ্ছে ২১টি রাজনৈতিক দল

### : আজ মনোনয়নপত্র জমার শেষ দিন

আসন্ন ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে প্রথম ধাপের মনোনয়নপত্র জমার শেষ দিন আজ ২২ফেব্রুয়ারি সোমবার। এ ধাপে অনুষ্ঠিতব্য ৭৩৯টি ইউপি নির্বাচন হবে আগামী ২২ মার্চ। দলীয়ভাবে প্রথমবারের এ নির্বাচনে ইতোমধ্যে নির্বাচন কমিশনে (ইসি) নিবন্ধিত ২১টি রাজনৈতিক দল অংশগ্রহণ নিশ্চিত করেছে। দল মনোনিত প্রার্থীর বাইরে কোনো শর্ত ছাড়াই স্বতন্ত্র প্রার্থিতার সুযোগ রয়েছে। ফলে এ নির্বাচনে বিপুল সংখ্যক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে মনে করছেন নির্বাচন কমিশন কর্মকর্তারা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **যুগান্তর (পৃ.১**,ক.৩)।

## ১০। সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় চার বাংলাদেশি নিহত

সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় চার বাংলাদেশি নিহত হয়েছে। গত ২০ ফেব্রুয়ারি শনিবার বাংলাদেশ সময় রাত ১০টার দিকে এ ঘটনা ঘটে। এরা চারজনেই একই মাইক্রোবাসে করে মক্কা থেকে রিয়াদের উদ্দেশ্য যাচ্ছিলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট (পৃ.১**,ক.৮), **ডেইলি সান**

**(** পৃ.১ক.৩)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, যুগান্তর, জনকণ্ঠ, সংবাদ, ডেইলি সান :** মালয়েশিয়ার সাথে বাংলাদেশের **১৫** লাখ লোক পাঠানো নিয়ে সমঝোতা স্মারক সইয়ের পরপরই সে দেশে বিদেশি শ্রমিক আমদানি স্থগিতের সিদ্ধান্ত নিয়ে যে ধোঁয়াশা তৈরি হয়েছে তা কুশলী কূটনৈতিক তৎপরতায় মাধ্যমে দূর করার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** অস্ট্রেলিয়া ও সিঙ্গাপুরের একদল বিজ্ঞানীর গবেষণার ফলাফলে প্রকাশিত কাছের বস্তু বা দৃশ্য দেখার কাজে চোখের ব্যবহার বেশি হওয়ায় এর নেতিবাচক প্রভাব মারাত্মকভাবে পড়ায় ২০50 সালের মধ্যে পৃথিবীর ৫০ শতাংশ মানুষই চোখে চশমা বা কন্ট্যাক্ট লেন্স নিতে বাধ্য হবে এ খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সবাইকে সচেতন  হওয়ার আহ্বান।

গ. **সংবাদ :** রাজধানীর স্কুলগুলোতে কোচিং বাণিজ্য বন্ধ করতে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল, যায়যায়দিন :** রেলে গড়ে প্রায় সোয়া সাত শতাংশ হারে বর্ধিত ভাড়া কার্যকর হওয়ার কথা উল্লেখ করে এর সাথে সাথে রেলের সেবার মান, দক্ষতা ও আওতা বাড়ানোর সুপারিশ।

ঙ. **ডেইলি স্টার :** পঞ্চগড়ের দেবীগঞ্জের মঠের অধ্যক্ষ দুর্বৃত্তকর্তৃক নিহত হওয়ার ঘটনায় শোক প্রকাশ করে ঘটনার সুষ্ঠ তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের জি টু জি পদ্ধতির পরিবর্তে টেন্ডারের মাধ্যমে জ্বালানি তেল আমদানি করার সিদ্ধান্তকে যথোপযুক্ত বলে অভিমত প্রকাশ করে  জ্বালানি তেলের গুণগতমানের বিষয়ে বিপিসিকে কোনো আপোষ না করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** ঝালকাঠিতে শিক্ষকের শারীরিক নির্যাতনে **১২** বছরের ছাত্র শুভ হালদারের নিহত হওয়ার ঘটনা তুলে ধরে শিক্ষার্থীদের ওপর সব ধরণের নির্যাতন বন্ধে শিক্ষা ব্যবস্থায় আরও অনেক পরিবর্তন আনার সুপারিশ।

জ. **অবজারভার :** দেশের সরকারি-বেসরকারি সব শিক্ষা ব্যবস্থায় দেশের ইতিহাস ও ঐতিহ্য পাঠের অন্তর্ভুক্ত করে এ বিষয়ে পাঠদানে আরও অধিক গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর :** পত্রিকায় প্রকাশিত কলামে সন্ত্রাসবাদের বিরুদ্ধে দাঁড়ানোর শক্তি অর্জন করা দেশের মানুষের জন্য জরুরি হয়ে পড়েছে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক :** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশ এগিয়ে যাওয়ার এখনই সময়'** শিরোনামের নিবন্ধে সুধীর সাহা রাজনীতিকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে হলে রাজনীতির উন্নয়ন ঘটতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা